

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা।

প্রতি

মহাপরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর,
ই-৭, আগারগাঁও, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ এস,এম,নজরুল ইসলাম (প্রশাসন ও সংস্থাপন)।

বিষয়ঃ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর ইনোভেশন টিমের বাৎসরিক কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তাপন, তারিখঃ ০৮/০৪/২০১৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রসূত্র প্রস্তাপনের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর স্মারক নং ব.পা.অ প্র:- ১/২৪০/২০১৩/২৩১৩(৮) তারিখঃ ০৩/০৬/২০১৩ খ্রিঃ এর মাধ্যমে অত্র অধিদপ্তরের ইনোভেশন টিম গঠন করা হয়। উক্ত টিমের ২০১৩ এর কার্যক্রমের একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ প্রেরণের নিমিত্তে নিম্নে উপস্থাপন করা হলোঃ

- ইনোভেশন টিম বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে “কেন্দ্রীয় তথ্য কেন্দ্র” স্থাপনের প্রস্তাব করে। কেন্দ্রীয় তথ্য কেন্দ্র “MRP & MRV Information cell” হিসেবে MRP & MRV সংক্রান্ত যেকোন তথ্য প্রদানে সহায়তা করবে। আবেদনকারী নির্দিষ্ট ফোন নাম্বারে ফোন করে কিংবা E-mail এর মাধ্যমে পাসপোর্ট ও ভিসার হালনাগাদ তথ্য সম্পর্কে জানতে পারবে।
- ইউনিয়ন পরিষদ তথ্য কেন্দ্রকে (UIC) Online এ পাসপোর্ট আবেদন ফরম পূরনে সম্পৃক্ত করার জন্য ইনোভেশন টিম প্রস্তাব করে।

ইনোভেশন টিম কর্তৃক উপরোক্ত প্রস্তাব দুটি বাস্তবায়নের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ও পাসপোর্ট ডেলিভারী প্রদান প্রক্রিয়া সহজীকরণে ইনোভেশন টিমের পর্যবেক্ষণ কার্যক্রম অব্যাহত আছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

তারিখঃ ৩০/০১/২০১৪ খ্রিঃ
ঢাকা।

১৩ ৩০ ০১ ১৪

নাদিরা আক্তার

উপ-পরিচালক ও (ভিসা ও ইমিঃ)
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

ফোন নং- ৯১৩১৮৯১